



বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

BCS General Education Association

শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০ ই-মেইল: [bcsgae1618@gmail.com](mailto:bcsgae1618@gmail.com)  
ওয়েবসাইট: [www.bcsgae.org.bd](http://www.bcsgae.org.bd) ফোন: ০১৭২০১৬৫৫৫৬ (সভাপতি) ০১৮১৮০৮৪৩৫৪ (সাধারণ সম্পাদক)

স্মারক নম্বর: বিসিএসজেএঅ্যা/২০২৪/১২

তারিখ: ১৭.০৪.২০২৪

### কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি মোঃ আব্দুর রাজ্জাক (৩৪ তম বিসিএস) প্রভাষক, হিসাববিজ্ঞান, রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি, বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে সদস্যদের নিকট হতে জোরপূর্বক চাঁদা আদায় ও সংগঠনের অর্থ আত্মসাতের মিথ্যা অভিযোগ দায়ের করে তাঁদের সম্মানহানি এবং সংগঠনকে হেয় প্রতিপন্ন করেছেন।

যেহেতু, আপনি বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে সরকার বিরোধী কর্মকাণ্ডে অর্থ বিনিয়োগের মিথ্যা অভিযোগ দায়ের করেছেন।

যেহেতু, আপনি অ্যাসোসিয়েশনের আয়-ব্যয় ও অডিট সম্পর্কে সর্বৈব অসত্য তথ্য দিয়ে অভিযোগ দায়ের করেছেন।

যেহেতু, আপনার বিরুদ্ধে বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের সাংগঠনিক শৃঙ্খলা বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত থাকার অভিযোগ রয়েছে।

যেহেতু, আপনি আপনার নিজ নামীয় ফেসবুক আইডির মাধ্যমে শিক্ষা ক্যাডার ও বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের স্বার্থ পরিপন্থী কর্মকাণ্ডে লিপ্ত রয়েছেন।

সেহেতু, বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক কেন আপনার বিরুদ্ধে অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্রের ১৩ ধারা অনুযায়ী সাংগঠনিক ব্যবস্থা এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবেনা তা আপনার দায়েরকৃত অভিযোগের সপক্ষে প্রমানসহ পত্র প্রাপ্তির ১০দিনের মধ্যে লিখিতভাবে অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক বরাবর প্রেরণের জন্য বলা হলো।

মোঃ শওকত হোসেন মোল্যা

সাধারণ সম্পাদক

বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

### প্রাপক

মোঃ আব্দুর রাজ্জাক

প্রভাষক, হিসাববিজ্ঞান

রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি।

অনুলিপি: ১. সভাপতি, বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন;

২. অধ্যক্ষ, রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি;

৩. সহসভাপতি/ যুগ্ম-সাধারণ সম্পাদক/ সাংগঠনিক সম্পাদক, চট্টগ্রাম সাংগঠনিক বিভাগ;

৪. সভাপতি/ সম্পাদক, রামগড় সরকারি কলেজ ইউনিট, খাগড়াছড়ি;

৫. অফিস নথি।